দৈনিক জনতা

142

তারিখ ...16 OCT 1991
পৃষ্ঠা ...২... কলাম ...2...

শিক্ষাঙ্গনে সহিংসতা

# ১৫ সদস্যের সংসদীয় কমিটি গঠিত

বাসসঃ বিরাজমান সহিংসতা থেকে দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে মুক্ত করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং পদক্ষেপ প্রণয়নের জন্যে গতকাল জাতীয়

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## সংসদীয় কমিটি

সংসদে ১৫ সদস্যের একটি সর্বদলীয় সংসদীয় কমিটি গঠিত হয়েছে।

সংসদের উপনেতা ডাঃ বদরুদ্দোজা চৌধুরী কমিটি গঠনের প্রস্তাব করেন এবং সংসদ সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করে।

ক্যাম্পাসে সহিংসতার ওপর গত ১৪ আগষ্ট বিস্তারিত আলোচনার পর জাতীয় সংসদে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটিতে সরকারি দলের আটজন এবং বিরোধী দলের সাত জন সদস্যরয়েছেন।

কমিটির নেতৃত্ব দেবেন আইন ও বিচার মন্ত্রী মির্জা গোলাম হাফিজ। সদস্যরা হলেন- অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী, মাজেদুল হক, আবদুল মতিন চৌধুরী, জমিরুদ্দিন সরকার, খন্দকার দেলোয়ার হোসেন, ডঃ খন্দকার মোশাররফ হোসেন, মীর শওকত আলী, তোফায়েল আহমদ, মোহাম্মদ নাসিম, বেগম মতিয়া চৌধুরী, অধ্যাপক আবদুল মান্নান, ডাঃ মিজানুল হক, রাশেদ খান মেনন ও শেখ আনসারআলী।